মাগধী। ঈ। স্ত্রী। পিপুলবৃক্ষ।

মাঘঃ। অ। পুং। মঘানক্ষত্র যুক্তা পূর্ণিমা যেমাসে।

মাঘ্যং। অ। ক্লী। কুঁদ বৃক্ষ।

মাঠরঃ। অ। পুং। সূর্য্যের পারিসদ অর্থাৎ যম।

মাণিমন্থঃ। অ। ক্লী। সৈন্ধব লবণ।

মাতঙ্গঃ। অ। পুং। হস্তী। চণ্ডাল।

মাত্রং। অ। ক্লী। সকল। নির্দ্ধার্য্য।

মাত্রা। আ। স্ত্রী। সূক্ষ্ম। পুরস্কার। পরিমাণ। অক্ষরের অবয়ব।

মাতরিশ্বা। ন। পুং। বায়ু।

মাতলিঃ। ই। পুং। ইন্দ্রের সারথি।

মাতা। ঋ। স্ত্রী। মা। গাইগরু।

মাতাপিকরৌ। ঔ। পুং। মাতা পিতা উভয়।

মাতামহঃ। অ। পুং। মাতার পিতা।

মাতুলঃ। অ। পুং। ধুতুরাবৃক্ষ। মাতারভ্রাতা।

মাতুলঙ্গকঃ। অ। পুং। পেয়ারা বৃক্ষ।

মাতুলপুত্রকঃ। অ। পুং। ধুতুরার ফল।

মাতুলানী। ঈ। স্ত্রী। সস্য বিশেষ। মাতুলেরস্ত্রী।

মাতুলাহিঃ। ই। পুং। আঁজিন সর্প।

মাতুলী। ঈ। স্ত্রী। মাতুলের পত্নী মামী ইতিখ্যাত।

মাতৃস্বস্ত্রীয়ঃ। অ। পুং। মাষতুতাভাই।

মাতৃস্বসেয়ঃ। অ। পুং। মাষতুতাভাই।

মাদঃ। অ। পুং। হর্ষ। দর্প।

মাধবঃ। অ। পুং কৃষ্ণ। বৈশাখমাস। গিপ্রপক্ষী।

মাধবকঃ। অ। পুং। মহুয়া পুষ্পের মদ্য।

মাধবী। ঈ। স্ত্রী। মাধবীলতাবৃক্ষ।

মাধবীলতা। আ। স্ত্রী। স্বনামখ্যাতবৃক্ষ।

মানং। অ। ক্লী। পরিমাণ। অন্য অপেক্ষা আত্ম বিষয়ে মনের শ্রেষ্ঠবোধ।

মানবঃ। অ। পুং। মানুষ।

মানবকঃ। অ। পুং। বালক।

মানব্যং। অ। ক্লী। মনুষ্যের সমূহ।

মানসং। অ। ক্লী। মন।

মানসৌকসঃ। অ। পুং। হংসপক্ষী।

মানুষঃ। অ। পুং। মানব।

মানুষ্যং। অ। ক্লী মনুষ্যের সমূহ।

মায়া। আ। স্ত্রী। স্বীয় শক্তি দ্বারা অঘটন ঘটনা করেযে। বাজী ইতি ভাষা।

মায়াকরঃ। অ। পুং। বাজীকর ইতি ভাষান্তরে।

মায়ূরং। অ। ক্লী। ময়ূরেরসমূহ।

মারঃ। অ। পুং। মদন।

মার্কবঃ। অ। পুং। ভীমরাজবৃক্ষ।

মার্গঃ। অ। পুং। পথ। অগ্রহায়ণমাস। অঙ্গবিশেষ।

মার্গণং। অ। ত্রি। যাচক। পুং। বাণ। ক্লী। চৌর্য্য দ্রব্য তাৎপর্য্য দ্বারা অন্বেষণ।

মার্গশীর্ষঃ। অ। পুং। অগ্রহায়ণমাস।

মার্গিতং। অ। ত্রি। অন্বেষণ অর্থাৎ চেষ্টা।

মার্জনঃ। অ। পুং। লোধকাষ্ঠ। লেপন।

মার্জনা । আ । স্ত্রী । গন্ধদ্রব্য দ্বরা গাত্র মার্জন ।

মার্জারঃ । অ । পুং । জন্তুবিশেষ অর্থাৎ বিডাল ।

মার্জিতা । আ । স্ত্রী । রসালা শব্দে লেখাযাইবেক ।

মারণং । অ । ক্লী । শরীরে আঘাৎ করা ।

মার্ত্তণ্ডঃ । অ । পুং । সূর্য্য ।

মার্দঙ্গকঃ । অ । পুং । মৃদঙ্গ বাদ্য কর ।

মার্ষ্টিঃ । ই । স্ত্রী । গন্ধদ্রব্য দ্বারা গাত্রমার্জন ।

মারিষঃ । অ । পুং । নৃত্য বিষয়ে মান্য ।

মালকঃ । অ । পুং । নিম্ববৃক্ষ ।

মালতী । ঈ । স্ত্রী । স্বনামখ্যাত বৃক্ষ বিশেষ ।

মাল্যং । অ । ক্লী । পুষ্পাদি রচিত মালা ।

মাল্যবান । ৎ । পুং । পর্ব্বত বিশেষ । মালাবিশিষ্ট ।

মালা । আ । স্ত্রী । পুষ্পাদি রচিত । গিবিক বৃক্ষ ।

মালাকরঃ । অ । পুং । জাতি বিশেষ অর্থাৎ মালি ।

মালাতৃণকং । অ । ক্লী । গন্ধতৃণ ।

মালিকঃ । অ । পুং । জাতিবিশেষ অর্থাৎ মালি ।

মালুধানঃ । অ । পুং । আঁজিন সর্প ।

মালূরঃ । অ । পুং । শ্রীফল বৃক্ষ ।

মাষকঃ । অ । পুং । পরিমাণ বিশেষ অর্থাৎ পাঁচকুঁচ ।

মাষণং। অ। ক্লী। মাষকলায়ি হওন যোগ্যভূমি।

মাষ্যঃ। অ। ক্লী। মাষকলায়ি হওন যোগ্য ভূমি।

মাসঃ। অ। পুং। দুই পক্ষ। বৎসরের দ্বাদশাংশ।

মাংসঃ। অ। পুং। মনুষ্য ও ছাগাদির মাস।

মাংসপর্ণী। ঈ। স্ত্রী। স্বনামখ্যাত বৃক্ষ বিশেষ।

মাসরঃ। অ। পুং। অন্নের মণ্ড অর্থাৎ ফেণ।

মাংসলঃ। অ। পুং। মাংস বিশিষ্ট অর্থাৎ বলবান।

মাংসিকঃ। অ। পুং। মাংস বিক্রয় জীবিকা যাহার।

মাংসী। ঈ। স্ত্রী। জটামাংসী গন্ধদ্রব্য বিশেষ।

মাহিষ্যঃ। অ। পুং। বৈশ্যার কন্যাতে ক্ষত্রিয় দ্বারা জাত।

মাহেয়ী। ঈ। স্ত্রী। গাই গরু।

মাহেশ্বরী। ঈ। স্ত্রী। মাতৃগণ।

মিঙ্গঃ। অ। ত্রি। অশ্ব হস্তী আদি।

মিতম্পচঃ। অ। ত্রি। অদাতা অর্থাৎ কৃপণ।

মিত্রঃ। অ। পুং। সূর্য্য। বন্ধু।

মিথ্যা। আ। স্ত্রী। অনর্থক অর্থাৎ যথার্থ শূন্য।

মিথ্যাদৃষ্টিঃ। ই। স্ত্রী। নাস্তিকতা।

মিথ্যাভিযোগঃ। অ। পুং। মিথ্যাবাক্য।

মিথ্যাভিশংসনং। অ। ক্লী। অভিশাপ।
মিথ্যামতিঃ। ই। স্ত্রী। ভ্রম অর্থাৎ অনর্থকচিন্তা।
মিথুনং। অ। ক্লী। স্ত্রী ও পুরুষ উভয়।
ম্লিষ্টং। অ। ক্লী। অস্পষ্ট বাক্য।
মিশিঃ। ই। স্ত্রী। মৌরিবৃক্ষ।
মিশ্রেয়ী। ঈ। স্ত্রী। মৌরি বৃক্ষ।
মিযার্থকং। অ। ক্লী। অনর্থক অর্থাৎ মিথ্যাবাক্য।
মিষী। ঈ। স্ত্রী জটামাংসী গন্ধদ্রব্য বিশেষ।
মিসিঃ। ই। স্ত্রী। মৌরি বৃক্ষ।
মিহিরঃ। অ। পুং। সূর্য্য। মেঘ। বুদ্ধ।
মিহিলাহ্বয়া। আ। স্ত্রী। বনমালা। বৃক্ষ। স্ত্রী পর্য্যায়
শব্দে এই শব্দবোধ হইবেক।
মীঢং। অ। ত্রি। প্রস্রাব ত্যাগকরা।
মীনঃ। অ। পুং। মাত্স্য মাচ ইতিখ্যাত।
মীনকেতনঃ। অ। পুং। মদন।
মুক্তকুঞ্চুকঃ। অ। পুং। খোলস ত্যাগকরা সর্প।
মুক্তরসা। আ। স্ত্রী। কাঁটা আমরুল বৃক্ষ।
মুক্তা। আ। স্ত্রী। সুনাম খ্যাত রত্ন বিশেষ।
মুক্তাবলী। ঈ। স্ত্রী। মুক্তার মালা।

মুক্তাস্ফোটঃ। অ। পুং। ঝিনুক।

মুক্তিঃ। ই। স্ত্রী। মোক্ষ।

মুকুটঃ। অ। পুং। স্বনামখ্যাত শিরোভূষণ।

মুকুন্দকঃ। অ। পুং। পেয়াজ বৃক্ষ।

মুকুন্দুঃ। উ। পুং। কুন্দুরুনাম গন্ধদ্রব্য।

মুকুরঃ। অ। পুং। দর্পণ আর্শি ইতিখ্যাত।

মুকুলকঃ। অ। পুং। দন্তিমূল বৃক্ষ।

মুখং। অ। ক্লী। বদন। গৃহদ্বার।

মুখ্যং। অ। ত্রি। প্রধান।

মুখরঃ। অ। ত্রি। অপ্রিয়বাদী।

মুখবাসনং। অ। ত্রি। কর্পূরাদি বাসিত গন্ধ।

মুণ্ডঃ। অ। পুং। কেশরহিত ব্যক্তি অর্থাত্ নেড়া।

মুণ্ডিতঃ। অ। পুং। কেশহীন ব্যক্তি অর্থাত্ নেড়া।

মুণ্ডী। ন। পুং। জাতি বিশেষ অর্থাত্ নাপিত।

মুদ্। দ। স্ত্রী। হর্ষ অর্থাত্ আনন্দ।

মুদ্গঃ। অ। পুং। সস্য বিশেষ অর্থাত্ মুগ।

মুদ্গপর্ণী। ঈ। স্ত্রী। কাকমাচী বৃক্ষ।

মুদ্গরঃ। অ। পুং। লৌহময় গদা। অস্ত্র বিশেষ।

মুদ্গষ্টকঃ। অ। পুং। সস্য বিশেষ অর্থাৎ বনমুগ।

মুদিরঃ । অ। । পুং। মেঘ। মুস্তক অর্থাৎ মুথা।
মুনিঃ । ই। পুং। মৌনব্রতী। বৌদ্ধ।
মুনিন্দ্রঃ । অ। পুং। বৌদ্ধ।
মুরা । আ। স্ত্রী। স্বনামখ্যাত গন্ধদ্রব্য।
মুষ্কঃ । অ। পুং। অণ্ডকোষ। বৃক্ষবিশেষ।
মুষ্টিবন্ধঃ । অ। পুং। মুঠাবাঁধা।
মুষল্যঃ । অ। ত্রি। মুষল দ্বারা বধযোগ্য।
মুষলী । ন। পুং। বলরাম। তালমুলীবৃক্ষ।
মুষিতং । অ। ত্রি। চোরিত দ্রব্য।
মুস্তকঃ । অ। পুং ক্লী। মুথা।
মুস্তা । আ। স্ত্রী। মুথা।
মুহূর্ত্তঃ । অ। পুং। দ্বাদশক্ষণ অর্থাত্ দুই দণ্ড।
মুক্ষঃ । অ। পুং। প্রধানকল্প।
মূকঃ। অ। ত্রি। বাক্যরহিত অর্থাত্ বোবা। দৈন্য।
মূঢ়ঃ । অ। ত্রি। মূর্খ।
মূত্রং । অ। ক্লী। প্রস্রাব।
মূত্রকৃচ্ছ্রং । অ। ক্লী। স্বনামখ্যাত রোগবিশেষ।
মূত্রিতং । অ। ত্রি। মূত্রত্যাগকরা।
মূর্খঃ । অ। ত্রি। মূঢ় অর্থাৎ বিদ্যাহীন।

মূর্চ্ছা । আ । স্ত্রী । পুষ্টাদি দ্বারা অস্পন্দ । মোহ ।
মূর্চ্ছালঃ । অ । ত্রি । মূর্চ্ছাযুক্ত ব্যক্তি ।
মূর্চ্ছিতঃ । অ । ত্রি । মূঢ় । মূর্চ্ছাযুক্ত । বৃদ্ধ ।
মূর্ণং । অ । ত্রি । বদ্ধ ।
মূর্ত্তঃ । অ । ত্রি । মূর্চ্ছাযুক্ত । কঠিন ।
মূর্ত্তিঃ । ই । স্ত্রী । শরীর । কাঠিন্য ।
মূর্ত্তিমান্ । ৎ । ত্রি । কঠিন । মূর্ত্তি বিশিষ্ট ।
মূর্দ্ধা । ন । পুং । মস্তক মাথা ইতিখ্যাত ।
মূর্দ্ধাভিষিক্তঃ । অ । পুং । রাজা । মন্ত্রী । ক্ষত্রিয় ।
মূর্খিমান্ । ৎ । ত্রি । ক্রূর ।
মূর্বা । আ । স্ত্রী । মূর্গাবৃক্ষযাহাতে ছিলাহয় ।
মূলং । অ । ক্লী । আদ্য । নক্ষত্রবিশেষ । বৃক্ষাদিরগোড়া ।
মূলকং । অ । ক্লী । মূলাশাক ।
মূলকর্ম্ম । ন । ক্লী । ঔষধাদি দ্বারা বশীকরণ ।
মূলধনং । অ । ক্লী । আদ্য ধন অর্থাৎ পুঁজী ।
মূল্যং । অ । ক্লী । বেতন । দর ইতি ভাষান্তরে ।
মূষলঃ । অ । ক্লী পুং । উদুখলের লৌহমুখ দণ্ড ।
মূষা । আ । স্ত্রী । মুচিঅর্থাৎ স্বর্ণাদিগলায়যাহাতে ।
মূষিকঃ । অ । পুং । উন্দুর ইন্দুর ইতি খ্যাত ।

মূষিকপর্ণী । ঈ । স্ত্রী । ইন্দুর কানীবৃক্ষ ।

মূষিতার্থকং । অ । ত্রি । চোষিত দ্রব্য ।

মৃগঃ । অ । পুং । হরিণ । পশুমাত্র । মৃগণা ।

মৃগণা । আ । স্ত্রী । চৌর্য্যদ্রব্য [illegible] পর্য্যন্বাঃ । সন্ধান ।

মৃগতৃষ্ণা । আ । স্ত্রী । সূর্য্যকিরণে জল ভ্রম ।

মৃগদংশকঃ । অ । পুং । কুক্কুর কুকুর ইতি খ্যাত ।

মৃগধূর্ত্তকঃ । অ । পুং । শৃগাল শেয়াল ইতি খ্যাত ।

মৃগনাভিঃ । ই । পুং । কস্তুরী ইতিখ্যাত ।

মৃগমদঃ । অ । পুং । মৃগনাভি কস্তূরী ইতি খ্যাত ।

মৃগয়া । আ । স্ত্রী । মৃগহননকরা ।

মৃগয়ুঃ । উ । পুং । মৃগহননকর্ত্তা ব্যাধ ইতি খ্যাত ।

মৃগবধাজীবঃ । অ । পুং ব্যাধ অর্থাৎ মৃগাদিহন্তা ।

মৃগব্যং । অ । ক্লী । মৃগয়া অর্থাৎ মৃগহননকরা ।

মৃগশিরঃ । স । স্ত্রী । নক্ষত্র বিশেষ ।

মৃগশীর্ষং । অ । ক্লী । নক্ষত্র বিশেষ ।

মৃগাঙ্কঃ । অ । পুং । চন্দ্র ।

মৃগাদনঃ । অ । পুং । নেকিড্যাবাঘ ।

মৃগিতং । অ । ত্রি । অন্বেষণ অর্থাৎ চেষ্টা ।

মৃগেন্দ্রঃ । অ । পুং । পশু শ্রেষ্ঠ অর্থাৎ সিংহ ।

মৃজা । আ। স্ত্রী। গন্ধদ্রব্য দ্বারা গাত্র মার্জন ।

মৃডঃ । অ । পুং। মহাদেব।

মৃডানী । ঈ । স্ত্রী। মহাদেব পত্নী অর্থাৎ দুর্গা।

মৃতং । অ । ক্লী। যাচএগর দ্রব্য। ত্রি। মরাব্যক্তি।

মৃত্তালকং । অ। ক্লী। তুবরিক নাম গন্ধদ্রব্য।

মৃত্তিকা । আ । স্ত্রী। মাটী ইতিখ্যাত।

মৃত্যু । উ । ক্লী। প্রাণবায়ু ধ্বংস অর্থাৎ মরণ।

মৃত্যুঞ্জয়ঃ । অ। পুং। মহাদেব।

মৃৎস্না । আ । স্ত্রী। উত্তম মৃত্তিকা।

মৃতস্নাতঃ । অ। ত্রি। মরণানন্তর স্নান ।

মৃৎসা । আ । স্ত্রী। উত্তম মৃত্তিকা ।

মৃদ্ । দ। স্ত্রী। মৃত্তিকা মাটী ইতিখ্যাত ।

মৃদঙ্গা । আ। স্ত্রী। মৃদঙ্গ বাদ্য।

মৃদ্বীকা । আ। স্ত্রী । দ্রাক্ষা অর্থাৎ কিশমিশ।

মৃদুঃ । উ। ত্রি। কোমল। লঘু।

মৃদুত্বক্ । চ। পুং। ভূর্জপত্র বৃক্ষ।

মৃদুলঃ । অ। ত্রি। কোমল নরম ইতি ভাষান্তরে।

মৃধং । অ। ক্লী। যুদ্ধ লড়াই ইতি ভাষান্তরে।

মৃনালঃ । অ। ক্লী পুং। পদ্মাদির ডাঁটা।

মৃষ্টং । অ । ত্রি । কৃত নির্ম্মল ।
মেখলকন্যকা । আ । স্ত্রী । নর্ম্মদানদী ।
মেখলা । আ । স্ত্রী । খড়্গাদির মুঠা । চন্দ্রহারআদি ।
মেঘঃ । অ । পুং । বারিবাহ । মুথা ।
মেঘজ্যোতিঃ । ই । পুং । বিদ্যুতের অগ্নি ।
মেঘনাদনুলসী । ন । পুং । ময়ূরপক্ষী ।
মেঘনামা । ন । পুং । মুথা । মেঘ পর্য্যায় শব্দে এইশব্দ
বোধ হইবেক ।
মেঘনির্ঘোষঃ । অ । পুং । মেঘের শব্দ ।
মেঘপুষ্পং । অ । ক্লী । জল ।
মেঘবাহঃ । অ । পুং । ইন্দ্র ।
মেচকঃ । অ । পুং । ময়ূর পুচ্ছের চাঁদ । ত্রি । কৃষ্ণবর্ণ ।
মেঢ্রং । অ । ক্লী । লিঙ্গ । পুং । ভেড়া ।
মেদঃ । স । ক্লী । মাংসদ্বারা জন্মে ধাতু বিশেষ ।
মেদুরঃ । অ । ত্রি । অতিশয় স্নিগ্ধ ।
মেদিনী । ঈ । স্ত্রী । পৃথিবী । অভিধান বিশেষ ।
মেধ্যং । অ । ক্লী । শুদ্ধ ।
মেধা । আ । স্ত্রী । ধারণাবতীবুদ্ধি ।
মেধিঃ । ই । পুং । ধান্যাদি মাড়িবার কারণ পশু ।

বন্ধনার্থ কাষ্ঠ মেষ্যা ইতিখ্যাত।

মেনকঃ । অ। পুং। সঙ্গম।

মেরুঃ । উ। পুং। পর্ব্বত বিশেষ সুমেরু ইতিখ্যাত।

ম্লেচ্ছদেশঃ। অ। পুং। শিষ্টাচার রহিত দেশ।

ম্লেচ্ছমুখং। অ। ক্লী। ধাতুবিশেষ অর্থাৎ তাঁবা।

মেষঃ । অ। পুং। জন্তুবিশেষ অর্থাৎ ভেড়া।

রাশিবিশেষ।

মেহঃ। অ। পুং। রোগ বিশেষ প্রমেহ ইতিখ্যাত।

মেহনং । অ। ক্লী। লিঙ্গ।

মৈত্রবরুণিঃ। ই। পুং। অগস্ত্যমুনি।

মৈথুনং। অ। ক্লী। সম্বন্ধ। স্ত্রী সংসর্গ। রতি।

মৈরেয়ং। অ। ক্লী। মদ্য বিশেষ।

মোঘঃ। অ। ত্রি। নিরর্থক।

মোঘা। আ। স্ত্রী। পারুলবৃক্ষ। ত্রি। নিষ্ফল।

মোচঃ। অ। পুং। বৃক্ষ বিশেষ শিমুলি ইতিখ্যাত।

মোচকঃ। অ। পুং। শোভাঞ্জনবৃক্ষ। কদলীবৃক্ষ।

মোরটং। অ। ক্লী। ইক্ষুমূল।

মোরটা। আ। স্ত্রী। মূর্ব্বাবৃক্ষ যাহাতে ছিলা হয়।

মোষকঃ। অ। পুং। চোর।

মোক্ষঃ। অ। পুং। আত্মজ্ঞানকৃত বন্ধনত্যাগ। নির্ব্বান অথ। ৎ অত্যন্ত দুঃখনিবৃত্তি।

মৌক্তিকং। অ। ক্লী। মুক্তা ইতি ভাষান্তরে।

মৌদ্গিনং। অ। ক্লী। ব্রীহি আদি ভিন্ন ধান্য হওন ভূমি।

মৌনং। অ। ক্লী। বাক্য শূন্য হওন।

মৌরজিকঃ। অ। পুং। মৃদঙ্গ বাদ্যকর।

মৌর্ব্বী। ঈ। স্ত্রী। ধনুকের ছিলা।

মৌহূর্ত্তং। অ। পুং। দৈবজ্ঞ।

মৌহূর্ত্তিকঃ। অ। পুং। দৈবজ্ঞ।

****

য

যঃ। অ। পুং। যম। বায়ু। যান। যাটপ্রাগ। অক্ষরবিশেষ।

যকৃৎ। ৎ। ক্লী। প্লীহাকার রোগবিশেষ।

যজ্ঞঃ। অ। পুং। অশ্বমেধাদিযাগ।

যজ্ঞাঙ্গঃ। অ। পুং। যাগের অঙ্গ। যজ্ঞডুম্বুরবৃক্ষ।

যজ্ঞিয়ঃ। অ। ত্রি। যাগউপযুক্ত স্থান।

যজমানঃ। অ। পুং। যজ্ঞাদিতে বরণ কর্ত্তা।

যজ্বা। ন। পুং। সকাম যজ্ঞকর্ত্তা।

যবক্ষা।

যতী। ন। পুং। জিতেন্দ্রিয় ব্যক্তি।

যতিঃ। ই। পুং। জিতেন্দ্রিয় ব্যক্তি।

যথাজাতঃ। অ। ত্রি। মূর্খ।

যথার্হবর্ণঃ। অ। পুং। চর অর্থাৎ প্রেরিত।

যথেপ্সিতং। অ। ক্লী। স্বচ্ছন্দ প্রবৃত্তি।

যদৃচ্ছা। আ। ত্রি। যথাইচ্ছা।

যন্তা। ঋ। পুং। হস্তী পালক। সারথি।

যমঃ। অ। পুং। যোগবিষয়ে ব্রহ্ম চর্য্যাদিধর্ম্ম।
যোগ বিশেষ অর্থাৎ ইন্দ্রিয় দমন। ধর্ম্মরাজ।

যমরাট্। জ। পুং। যমরাজা।

যমুনাভ্রাতা। ঋ। পুং। যমরাজা।

যয়ুঃ। উ। পুং। অশ্বমেধযাগের ঘোটক।

যবায়ূঃ। উ। পুং। সন্তানস্থলী আমল ইতি খ্যাত।

যবঃ। অ। পুং। স্বনামখ্যাত সস্য বিশেষ।

যবক্যং। অ। ত্রি। যবাদি হয় যে ভূমিতে।

যবফলঃ। অ। পুং। বাঁশ।

যব্যং। অ। ত্রি। যবাদি হয় যে ভূমিতে।

যবসঃ। অ। পুং ক্লী। গবাদির খাদ্য তৃণ।

যবক্ষারঃ। অ। পুং। বণিক দ্রব্য লবণ বিশেষ।

যাগুজঃ । অ । পুং । বণিক দ্রব্য লবণ বিশেষ ।

যাবাগূঃ । উ । পুং । অধিক দ্রব অন্নাদি অর্থাৎ যাউ ।

যবাসঃ । অ । পুং । দূরালভা বৃক্ষ ।

যবীয়ঃ । স । পুং । কনিষ্ঠ ভ্রুতা ছোটভাই ইতিখ্যাত ।

যশঃ । অ । পুং । খ্যাতি ।

যশঃপটোহঃ । অ । পুং । বাদ্য বিশেষঢাক ইতিখ্যাত ।

যষ্টা । ঋ । পুং । যজমান ।

যষ্টিঃ । ই । স্ত্রী । লাঠী ।

যষ্টিক্যং । অ । ত্রি । যবাদি হয় যে ভূমিতে ।

যষ্টিমধুকা । আ । স্ত্রী । স্বনামখ্যাত বৃক্ষ ।

যক্ষঃ । অ । পুং । কুবের । দেবাংশ ।

যক্ষকর্দমঃ । অ । পুং । কর্পূর অগুরু কস্তূরী ও কঙ্কোল সমভাগে যাহা হয় ।

যক্ষধূপঃ । অ । পুং । ধুনা ।

যক্ষ্মা । ন । পুং । কাস রোগ বিশেষ ।

যক্ষরাজঃ । অ । পুং । কুবের ।

যাচকঃ । অ । ত্রি । ভিক্ষুক ।

যাচ্ঞা । আ । স্ত্রী । প্রার্থনা । ভিক্ষা ।

যাচনকঃ । অ । ত্রি । যাচক অর্থাৎ প্রার্থনা কর্ত্তা ।

যাচনা ।আ। স্ত্রী। প্রার্থনা।

যাচিতকং ।অ।ক্লী। ভিক্ষাপ্রাপ্তদ্রব্য।

যাজকঃ ।অ। পুং। মূল্য দ্বারা যাগাদিতে বৃত্ত ব্যক্তি।

যাতনা ।আ। স্ত্রী। অতিশয় বেদনা।

যাতযামঃ ।অ। ত্রি। জীর্ণ। বমন।

যাত্রা ।আ। স্ত্রী। গমন। কালক্ষেপ। উৎসব।

যাতা ।ঋ। স্ত্রী। ভ্রাতৃ বর্গেরপরস্পর স্ত্রী অর্থাৎ যা।

যাতুঃ ।উ। পুং। রাক্ষস।

যাতুধানঃ ।অ। পুং। রাক্ষস।

যাদঃপতিঃ ।ই। পুং। সমুদ্র।

যাদবং ।অ। পুং। গোমহিষাদিধন।

যাদস্ ।স। ক্লী। জল।

যাদসাম্পতিঃ ।ই। পুং বরুণ।

যানং ।অ। ক্লী। যুদ্ধ নিমিত্ত গমন। অশ্ব রথাদি।

যানমুখং ।অ। ক্লী। রথাদির সংমুখ।

যাপ্যং ।অ। ত্রি। নিন্দিত। যাপনীয়।

যাপ্যযানং ।অ। ক্লী। যান বিশেষ।

যামঃ ।অ। পুং। প্রহর। ইন্দ্রিয় দমন।

যামিঃ। ই। পুং। শ্বশুর। কুলস্ত্রী। গমন।

যামিনী। ঈ। স্ত্রী। রাত্রি।

যাবজূকঃ। অ। পুং। কামনাশূন্য পুনঃ২ যাগকর্ত্তা।

যারঃ। অ। পুং। সমূহ।

যাবঃ। অ। পুং। লা অর্থাৎ যাহাতে পত্রাদিমোড়ে।

যাবকঃ। অ। পুং। বোরধান্য।

যাবৎ। ৎ। অ। সমুদায়। সীমা। প্রমাণ। অবধারণ।

যাবনঃ। অ। পুং। সিহ্লাগন্ধদ্রব্য। ঘোটক।

যাষ্টীকঃ। অ। ত্রি। যষ্টিপ্রহার বিশিষ্ট ব্যক্তি।

যাসঃ। অ। পুং। দুরালভা বৃক্ষ।

যুক্তং। অ। ক্লী। অপৃথক দ্রব্যাদি। চতুর্হস্ত।

যুক্তিঃ। ই। স্ত্রী। ন্যায্য। যোগ।

যুগং। অ। ক্লী। সত্য ত্রেতা দ্বাপর কলি। যুগ্ম। রথ ও লাঙ্গলাদির অঙ্গ অর্থাৎ কাষ্ঠ বিশেষ।

যুগকীলঃ। অ। পুং। যুগার খিল।

যুগন্ধরঃ। অ। পুং। রথের যুগ কাষ্ঠ।

যুগপত্রিকঃ। অ। পুং। রক্ত কাঞ্চন বৃক্ষ।

যুগ্মং। অ। ক্লী। যোগ অর্থাৎ যোড়া।

যুগ্যং। অ। ক্লী। হস্তী অশ্বাদি। পুং। যোয়াল বহে যে।

যুথিকা। আ। স্ত্রী। যুঁইপুষ্পের বৃক্ষ।

যুধ্‌। ধ। স্ত্রী। যুদ্ধ লড়াই ইতি ভাষান্তরে।

যুদ্ধং। অ। ক্লী। সংগ্রাম অর্থাৎ লড়াই।

যুবা। ন। পুং। যুবত্ব।

যুবতী। ঈ। স্ত্রী। যৌবন বিশিষ্টাস্ত্রী।

যুবরাজঃ। অ। পুং নৃত্য বিষয়ে অভিষিক্তবালক।

যূথং। অ। ক্লী। পশু পক্ষী আদির সমূহ।

যূপকটকঃ। অ। পুং। যূপের মস্তকের কাষ্ঠ।

যূথপঃ। অ। পুং। প্রধান হস্তী।

যোক্ত্রং। অ। ক্লী। যোত দড়ী।

যোগঃ। অ। পুং। কবচাদি। সমদমাদি অর্থাৎ
চিত্ত বৃত্তি নিষেধ। সংশ্লেশ। যোজন।

যোগেষ্টং। অ। ক্লী। ধাতু বিশেষ সীসা ইতি খ্যাত।

যোজ্ঞঃ। অ। পুং। বৃদ্ধিনাম ঔষধ।

যোজনবল্লী। ঈ। স্ত্রী। মঞ্জিষ্ঠা বৃক্ষ।

যোত্রং। অ। ক্লী। যোত দড়ী।

যোধঃ। অ। পুং। যোদ্ধা অর্থাৎ যুদ্ধকর্ত্তা।

যোদ্ধা। ঋ। পুং। যুদ্ধকর্ত্তা লড়াক ইতি ভাষান্তরে।

যোধসংরাবঃ। অ। পুং। ক্রোধ পূর্ব্বক যোদ্ধার আহ্বান।

রশ্ম

যোষা। আ। স্ত্রী। সামান্য স্ত্রী।

যোষিৎ। ৎ। স্ত্রী। সামান্য স্ত্রী।

যৌবং। অ। ক্লী। সামান্য পরিমাণ।

যৌবনং। অ। ক্লী। যুবত্ব।

❋❋❋❋❋❋❋❋❋

র

রঃ। অ। পুং অগ্নি। তীক্ষ্ণ। অক্ষরবিশেষ।

রক্তঃ। অ। ত্রি। লোহিতবর্ণ। রক্তবর্ণ দ্রব্যাদি।
অনুরক্ত। তাম্র। ক্লী। কুঙ্কুম। কণ্ঠির।

রক্তকঃ। অ। পুং। বান্ধুলীনাম বৃক্ষ।

রক্তচন্দনং। অ। ক্লী। চন্দন বিশেষ।

রক্তপা। আ। স্ত্রী। কীটবিশেষ জোঁক ইতি খ্যাত।

রক্তফলা। আ। স্ত্রী। তেলাকুচা বৃক্ষ।

রক্তলোচনং। অ। পুং। পক্ষীবিশেষপায়রাইতিখ্যাত

রক্তসন্ধকং। অ। ক্লী। রক্ত কম্বল বৃক্ষ।

রক্তসরোরুহং। অ। ক্লী। রক্তবর্ণ পদ্ম।

রক্তাঙ্গঃ। অ। পুং। গঁড়া রোচনী গন্ধদব্য।

রক্তোৎপলং। অ। ক্লী। রক্তপদ্ম।

রত্ন কারকঃ। অ। পুং। স্বর্ণকার সেকরা ইতি খ্যাত।

রঙ্কুঃ। উ। পুং। হরিণ বিশেষ।

রঙ্গং। অ। ক্লী। কুসুমাঞ্জন প্রস্তর বিশেষ। রং।

রঙ্গাজীবঃ। অ। পুং। চিত্রকর।

রচনা। আ। স্ত্রী। নানাফল দ্বারাকৃত শোভা।

রজঃ। স। ক্লী। গুণবিশেষ। ধূলী। স্ত্রীলোকের ঋতু।

রজকঃ। অ। পুং। জাতি বিশেষ অর্থাৎ ধোবা।

রজ্জুঃ। উ। স্ত্রী। দড়ী।

রজতং। অ। ক্লী। শ্বেতবর্ণ। রূপা। রক্তা রত্নহার।

রজনী। ঈ। স্ত্রী। রাত্রি। গন্ধদ্রব্য বিশেষ।

রজস্বলা। আ। স্ত্রী। ঋতুমতী স্ত্রী।

রঞ্জনং। অ। ক্লী। রক্তচন্দন।

রঞ্জনী। ঈ। স্ত্রী। ওষধি বৃক্ষ বিশেষ।

রণঃ। অ। পুং ক্লী। যুদ্ধ। অলঙ্কারাদির ধ্বনি।

রণ্ডা। আ। স্ত্রী। ইন্দুর কানীবৃক্ষ। বিধবা স্ত্রী।

রতং। অ। ক্লী। মৈথুন।

রত্নং। অ। ক্লী। স্বজাতীয় শ্রেষ্ঠ। পর্ব্বতজাত পদ্মরাগ মণি। মরকতমণি। মুক্তা ও প্রবালাদি।

রত্নসানুঃ। উ। পুং। পর্ব্বতবিশেষ অর্থাৎ সুমেরু।

রত্নাকরঃ। অ। পুং। সাগর অর্থাৎ সমুদ্র।

রতিঃ। ই। স্ত্রী। মদনের স্ত্রী। মৈথুন।

রত্নিঃ। ই। স্ত্রী। মুটম হাত পরিমিত।

রতিপতিঃ। ই। পুং। মদন।

রথঃ। অ। পুং। বেৎবৃক্ষ। শরীর। চরণ। চক্রযুক্তযান।

রথকড্যা। আ। স্ত্রী। রথ সমূহ।

রথকারকঃ। অ। পুং। সুত্রধর। করণের কন্যাতে মাহিষ্য দ্বারা জাত।

রথগুপ্তিঃ। ই। স্ত্রী। রক্ষার্থ রথের আবরণ।

রথদ্রুঃ। উ। পুং। দরজা ইতি ভ৲বরে খ্যাত।

রথ্যঃ। অ। পুং। রথবহনের ঘোটকাদি।

রথ্যা। আ। স্ত্রী। দরজা। রথসমূহ।

রথাঙ্গং। অ। ক্লী। রথের অবযব। চক্র।

রথাঙ্গাহ্বয়নামকঃ। অ। পুং। চক্র বাক পক্ষী। রথচক্র পর্য্যায় শব্দে এইশব্দ জানিবা।

রথিকঃ। অ। পুং। রথাধিপতি।

রথিরঃ। অ। পুং। রথিক অর্থাৎ রথাধিপতি।

রথিলঃ। অ। পুং। রথিক অর্থাৎ রথাধিপতি।

রথী। ন। পুং। রথারোহন কর্ত্তা। রথাধিপতি।

রদঃ। অ। পুং। দন্ত দাঁত ইতি খ্যাত।

রদনঃ । অ । পুং । দন্ত দাঁত ইতি খ্যাত ।

রদনচ্ছদঃ । অ । পুং । উভয় ওষ্ঠ ।

রন্ধ্রঃ । অ । স্ত্রী । ছিদ্র ছিঁদ ইতিখ্যাত ।

রভসঃ । অ । পুং । আহ্লাদ । প্রবাহ । বেগেবর্ষণ ।
উদ্দম । পূর্ব্বাপর বিচার ।

রমণী । ঈ । স্ত্রী । মনোরমা স্ত্রী ।

রমণীয়ঃ । অ । ত্রি । মনোজ্ঞ অর্থাৎ সুন্দর ।

রম্ভা । আ । স্ত্রী । কদলী বৃক্ষ কলা ইতি খ্যাত ।

রম্যং । অ । ত্রি । মনোজ্ঞ অর্থাৎ সুন্দর ।

রয়ঃ । অ । পুং । বেগ ।

রল্লকঃ । অ । পুং । কম্বল ।

রবঃ । অ । পুং । সামান্য শব্দ ।

রবিঃ । ই । পুং । সূর্য্য ।

রশনা । আ । স্ত্রী । ইন্দ্রিয় বিশেষ অর্থাৎ জিহ্বা ।

রশিকঃ । অ । ত্রি । শূন্য ।

রশ্মিঃ । ই । পুং । কিরণ । ঘোটকের রজ্জু । চক্ষুর লোম ।

রসঃ । অ । পুং । জিহ্বেন্দ্রিয় গোচর অর্থাৎ কটু
তিক্তাদি । শৃঙ্গারাদি । বিষ । বীর্য্য । দ্রব্য । অনুরাগ
। বৃক্ষাদির ক্বাথ ।

রসগর্ভং। অ। ক্লী। রসাঞ্জন দ্রব্য বিশেষ।

রসজ্ঞা। আ। স্ত্রী। রস বোধ কারিনী অর্থাৎ জিহ্বা।

রসনা। আ। স্ত্রী। জিহ্বা। চন্দ্রহারাদি অভরণ।

রসবতী। ঈ। স্ত্রী। রসবতী স্ত্রী। পাকশালা।

রসা। আ। স্ত্রী। পৃথিবী। বৃক্ষ বিশেষ।

রসাঞ্জনং। অ। ক্লী। বণিক দ্রব্য বিশেষ।

রসাতলং। অ। ক্লী। পাতাল।

রসালঃ। অ। পুং। ইক্ষুদণ্ড। আম্রবৃক্ষ।

রসালা। আ। স্ত্রী। বত্রিশমুষ্টিদধি শূভ্রচিনি ৬৪ তোলা শুঁঠ২. তোলা বিডঙ্গ ২ তোলা ঘৃত ৪ তোলা মধু ৪ তোলা মরিচ ২ তোলা এই সকল দ্রব্য কর্পূর সহিত সূক্ষ্ম বস্ত্রে সুন্দরী স্ত্রীর কোমল হস্ত দ্বারা ঘর্ষণ করিলে যে দ্রব্য হয় ইহা শ্রীকৃষ্ণ ভোজন করিতেন॥

রসিতঃ। অ। পুং। মেঘের শব্দ।

রহঃ। স। অ। যাগ বিশেষ। পুং। নির্জনস্থান।

রংহঃ। স। পুং। বেগ।

রক্ষঃ। অ। পুং। রক্ষ্যা।

রক্ষবর্গঃ। অ। পুং। সিংহদ্বার।

রক্ষস্ । স । পুং । দেবাংশ ।

রক্ষসি । ই । স্ত্রী । রাক্ষস ।

রক্ষিতং । অ । ত্রি । ত্রাণকরাবস্তু ।

রা । ঐ । পুং । সমান্যধন ।

রাকা । আ । স্ত্রী । পূর্ণচন্দ্র ।

রাঙ্করঃ । অ । পুং । রেশমেরবস্ত্র অর্থাৎ সালাদি ।

রাজক । অ । ক্লী । রাজারসমূহ ।

রাজন্যঃ । অ । পুং । ক্ষত্রিয় ।

রাজন্যকং । অ । ক্লী । ক্ষত্রিয় সমূহ ।

রাজন্বান্ । ৎ । ত্রি । সৎরাজারদেশ ।

রাজবলা । আ । স্ত্রী । গন্ধভাদুলীবৃক্ষ ।

রাজর্হং । অ । ক্লী । অগুরুকাষ্ঠ ।

রাজরাজঃ । অ । পুং । কুবের ।

রাজবংশ্যঃ । অ । পুং রাজবংশে উদ্ভব ।

রাজবান্ । ৎ । ত্রি । অরাজারদেশ । রাজবিশিষ্ট ।

রাজবীজী । ন । পুং । রাজবংশে উদ্ভব ।

রাজবৃক্ষঃ । অ । পুং । সোঁদালিবৃক্ষ ।

রাজসদনং । অ । ক্লী । রাজারগৃহ ।

রাজহংসঃ । অ । পুং । রাজহাঁস অর্থাৎ শ্বেতবর্ণ এবং

রাল

চরণ ও ওষ্ঠ রক্তবর্ণ যাহার।

রাজা। ন। পুং। চিহ্ন। ক্ষত্রিয়। নৃপ। চন্দ্র।

রাজাদানং। অ। ক্লী। ক্ষীরিবৃক্ষ। পিয়ালবৃক্ষ।

রাজিঃ। ই। পুং। অতিশয় শ্রেণি।

রাজিকা। আ। স্ত্রী। রায়িসরিষা।

রাজিলঃ। অ। পুং। সর্প বিশেষ।

রাজীবঃ। অ। পুং। মৎস্যবিশেষ। পদ্ম।

রাট্। জ। পুং। ভূপতি অর্থাৎ রাজা।

রাত্রিঃ। ই। স্ত্রী। নিশারাতি ইতি খ্যাত।

রাত্রিচরঃ। অ। পুং। রাত্রেচরে যে অর্থাৎ রাক্ষস।

রাধঃ। অ। পুং। মাসবিশেষ অর্থাৎ বৈশাখ।

রাদ্ধান্তঃ। অ। পুং। সিদ্ধান্ত।

রাধা। আ। স্ত্রী। বিশাখানক্ষত্র। গোপীবিশেষ।

রামঃ। অ। পুং। দশরথেরপুত্র। বলরাম। পরশুরাম। ত্রি। নীলবর্ণ। শ্বেতবর্ণ। মনোজ্ঞ।

রামঠঃ। অ। ক্লী। বণিকদ্রব্য বিশেষ অর্থাৎ হিং।

রামভঃ। অ। পুং। বৃতব্যক্তির বাঁশের দণ্ড।

রামা। আ। স্ত্রী। মনোরমাস্ত্রী।

রালঃ। ই। পুং। বণিকদ্রব্যবিশেষ ধুনা ইতি খ্যাত।

রীঢ়া

রাশিঃ । ই। পুং । পুঞ্জ। মেষাদে দ্বাদশরাশি।

রাষ্ট্রং । অ। ক্লীপুং । দেশ। উৎপাৎ। বিষয়। রাজঅঙ্গ। বিখ্যাত।

রাষ্ট্রিকা । আ। স্ত্রী । কণ্টকরীবৃক্ষ।

রাষ্ট্রিয়ঃ । অ। পুং। নৃত্যবিষয়ে রাজারশ্যালা।

রাষ্ট্রী । ঈ। স্ত্রী । কণ্টকারীবৃক্ষ।

রাস্না। আ। স্ত্রী। বৃক্ষবিশেষ। কাঁটাআমাকলবৃক্ষ।

রাসভঃ । অ। পুং । জন্তুবিশেষ অর্থাৎ গাধা।

রাহুঃ । উ। পুং । স্বনামখ্যাতগ্রহ।

রাক্ষসঃ। অ। পুং। স্বনাম খ্যাত রাত্রিচর।

রাক্ষসী । ঈ। স্ত্রী চোরনামগন্ধদ্রব্য। রাক্ষসপত্নী।

রাক্ষা। অ। স্ত্রী। লা অর্থাৎ পত্রাদি মোড়ে যাহাতে।

রিক্থং । অ। ক্লী । সামান্যধন।

রিক্তকঃ। অ। ত্রি। শূন্য খালি ইতি ভাষান্তরে।

রিঙ্খনং । অ। ক্লী। স্খলন খসন ইতি খ্যাত।

রিতিপুষ্পং । অ। ক্লী। কুসুমাঞ্জন প্রস্তর বিশেষ।

রিভুক্ষা । ন। পুং । ইন্দ্র।

রিষ্টিঃ । অ। পুং। খঙ্গ। অশুভ। মঙ্গল। অভাব।

রীঢ়া । আ। স্ত্রী । অপহেলা। অর্থাৎ অনাদর।

রীণং । অ । ত্রি । স্রোতজলাদি।

রীতিঃ । ই । স্ত্রী । ব্যবহার । স্রবণ । পীতল।

রুক্ । জ । স্ত্রী । রোগ।

রুক্প্রতিক্রিয়া । আ । স্ত্রী । চিকিৎসা ।

রুক্মং । অ । ক্লী । স্বর্ণ।

রুগ্নং । অ । ত্রি । ব্যাধআদি দ্বারা জটিল ।

রুচ্ । চ । পুং । দীপ্তি ।

রুচকং । অ । ক্লী । সস্তুরীলবণ।

রুচ্যং । অ । ত্রি । সুন্দর ।

রুচিঃ । ই । স্ত্রী । অতিশয প্রীতি । স্পৃহা । দীপ্তি ।

রুচিরং । অ । ত্রি । সুন্দর ।

রুজা । আ । স্ত্রী । রোগ।

রুট্ । ষ । স্ত্রী । কোপ ।

রুদ্রং । অ । পুং । মহাদেব । দেবতা ১১ ।

রুদ্রাণী । ঈ । স্ত্রী । মহাদেব পত্নী অর্থাৎ দুর্গা।

রুদিতং । অ । ক্লী । রোদন ।

রুদ্ধং । ই । ত্রি । প্রাচীরাদি দ্বারা বেষ্টিত।

রুধিরং । অ । ক্লী । শোণিত অর্থাৎ রক্ত।

রুবুকঃ । অ । পুং । বৃক্ষ বিশেষ ভেরাণ্ডাইতি খ্যাত।

রুরুঃ । উ। পুং। হরিণবিশেষ।

রুহা। আ। স্ত্রী। দূর্ব্বা।

রুক্ষঃ। অ। ত্রি। প্রণয় শূন্য। স্নিগ্ধ শূন্য।

রূপং। অ। ক্লী। চক্ষুরাদি গোচর।

রূপ্যং। অ। ক্লী। রূপা। সুরূপ। প্রতিমাদি নির্ম্মিত্ত গলিত সোনা রূপা।

রূপাজীবা। আ। স্ত্রী। বেশ্যাখানকীইতি খ্যাত।

রূষিতং। অ। ত্রি। মুক্ষিত অর্থাৎ মাখা।

রেচনী। ঈ। স্ত্রী। শ্বেত তেউড়ী বৃক্ষ।

রেচিতং। অ। ক্লী। ঘোটকের মণ্ডলাকার গতি।

রেণুঃ। উ। পুং স্ত্রী। ধূলা। বাঁশ।

রেণুকা। আ। স্ত্রী। গন্ধদ্রব্য বিশেষ।

রেতঃ। স। ক্লী। বীর্য্য।

রেপঃ। স। পুং। নিন্দিত।

রেফঃ। অ। পুং। নিন্দিত। রবর্ণ।

রেবতীরমনঃ। অ। পুং। বলরাম।

রেবা। আ। স্ত্রী। নর্ম্মদানদী।

রৈঃ। ঐ। পুং। স্বর্ণ। অগ্নি। তীক্ষ্ম। ধন।

রোগঃ। অ। পুং। ব্যাধি।

রোগহারী। ন। ত্রি। রোগনষ্ট কর্ত্তা অর্থাৎ বৈদ্য।
রোচনং। অ। ক্লী। জিয়ল বৃক্ষ।
রোচনী। ঈ। স্ত্রী। গুঁড়ারোচনী গন্ধদ্রব্য।
রোচিঃ। স। ক্লী। দীপ্তি।
রোচিষ্ণুঃ। উ। পুং। দীপ্তিশীলযুক্তব্যক্তি।
রোদনং। অ। ক্লী। চক্ষুর জল।
রোদনী। ঈ। স্ত্রী। দুরালভা বৃক্ষ।
রোদসী। ঈ। স্ত্রী। পৃথিবী। স্বর্গ।
রোধঃ। স। ক্লী। তীর অর্থাৎ পাড়।
রোপঃ। অ। পুং। বাণ তির ইতি ভাষান্তরে।
রোম। ন। পুং। লোম। বস্ত্রের কারণ।
রোম হর্ষণঃ। অ। ক্লী। লোমাঞ্চ।
রোমাঞ্চঃ। অ। পুং। ভয়াদিদ্বারা গাত্রে কণ্টকহয়।
রোষঃ। অ। পুং। কোপ অর্থাৎ রাগ।
রোহিণী। ঈ। স্ত্রী। নক্ষত্রবিশেষ। গাইগরু। কট্কীবৃক্ষ।
রোহিতং। অ। ত্রি। রক্তবর্ণ। ক্লী। ইন্দ্রের সরল ধনুক। পুং। মৃগ বিশেষ। রুহিত মৎস্য।
রোহিতকঃ। অ। পুং। হরিণ হাড়া বৃক্ষ।
রোহিতাশ্বঃ। অ। পুং। অগ্নি।

রোহিষঃ । অ । পুং । মৃগবিশেষ । ক্লী । গন্ধতৃণ ।

রোহী । ঈ । স্ত্রী । হরিণহাড়া বৃক্ষ ।

রৌদ্রং । অ । ক্লী । উগ্ররস । সূর্য্যকিরণ ।

রৌদ্রী । ঈ । স্ত্রী । মাতৃগণ ।

রৌমকং । অ । ক্লী । সম্বরী লবণ ।

রৌরবঃ । অ । পুং । নরক বিশেষ ।

রৌহিণেয়ঃ । অ । পুং । বলরাম । বুধগ্রহ ।

****

ল

লঃ । অ । পুং । ইন্দ্র । লবণ । অক্ষর বিশেষ ।

লক্তকঃ । অ । পুং । লেকড়া । বস্ত্র ।

লকুচঃ । অ । পুং । ডেপলবৃক্ষ । ডহুয়াইতি কেচিৎ ।

লগ্নঃ । অ । ক্লী । মেষাদি রাশির উদয় । একত্রিত ।

লগ্নকঃ । অ । পুং । বোধ অর্থাৎ জামিন্ ইতি পারস্য ।

লগ্নহূ । ঊ । পুং । মদের বাথর ।

লঘিমা । আ । স্ত্রী । মহাদেবের ঐশ্বর্য্য ।

লঘুঃ । উ । ত্রি । অল্প । প্রিয় । শীঘ্র । হ্রস্যস্বর । পিবিকবৃক্ষ ।

লঘুলযং । অ । ক্লী । বেণার মূল ।

লঙ্কায়ীকা । আ । স্ত্রী । পিবিক বৃক্ষ ।

লঙ্ঘনং । অ । ক্লী । উপবাস । অতিক্রম ।

লজ্জা । আ । স্ত্রী । অপ্রস্তুত ।

লজ্জাশীলঃ । অ । ত্রি । লজ্জাযুক্ত ব্যক্তি ।

লজ্জিতঃ । অ । ত্রি । লজ্জাশীলব্যক্তি ।

লতা । আ । স্ত্রী । বল্লী । শাখা । মাধবীলতা বৃক্ষ ।
নফট্কী বৃক্ষ । পিথিক বৃক্ষ । বনমালা বৃক্ষ ।

লতার্কঃ । অ । পুং । হরিৎবর্ণ পেয়াজ ।

লপনং । অ । ক্লী । মুখ ।

লপিতং । অ । ত্রি । বাক্য । কথন ।

লভ্যঃ । অ । ত্রি । ন্যায্য । লাভ ।

লম্বনং । অ । ক্লী । লম্বাকণ্ঠ ভূষা ।

লম্বোদরঃ । অ । পুং । গণেশ ।

লয়ঃ । অ । পুং । বিনাশ । নৃত্য গীতাদিতে পদ
বিন্যাসাদির সমতা ।

ললন্তিকা । আ । স্ত্রী । লম্বাকণ্ঠ ভূষা ।

ললনা । আ । স্ত্রী । স্ত্রীবিশেষ ।

লল্লঃ । অ । পুং । চারিশত হস্তপ্রমাণ ভূমি ।

ললাটং । অ । ক্লী । কপাল ।

ললাটিকা । আ । স্ত্রী । স্বর্ণের সিঁতী ।

ললামঃ। অ। পুং। পুচ্ছ। অশ্ব। অশ্বমুখচিহ্ন।
ভূষণ। ধ্বজা। প্রাধান্য। লম্বা কণ্ঠ ভূষা।

ললামকং। অ। ক্লী। চূড়া হইতে পতিতমালা।

ললিতং। অ। ক্লী। শৃঙ্গার রস জনিতঃ সুন্দর
নায়ক দর্শন জন্য অঙ্গ বিন্যাস।

লবঃ। অ। পুং। সূক্ষ্ম। ধান্যাদি ছেদন।

লবঙ্গঃ। অ। পুং। স্বনাম খ্যাত বণিক দ্রব্য।

লবণং। অ। ক্লী। কর্কচ। লোণ। পুং। লবণরস।
ধান্যাদি ছেদন।

লবণাম্বুদঃ। অ। পুং। সমুদ্র।

লব্ধং। অ। ত্রি। প্রাপ্তদ্রব্য।

লব্ধবর্ণঃ। অ। পুং। পণ্ডিত।

লশুনং। অ। ক্লী। রশুন বৃক্ষ।

লস্তকঃ। অ। পুং। ধনুকের মধ্য।

লক্ষং। অ। ক্লী। বাণেরমধ্য। যাহাতেবাণাদিত্যাগকরে।

লক্ষ্ম। ন। ক্লী। চিহ্ন। প্রধান। কলঙ্ক। অপদেশ।

লক্ষ্মণং। অ। ক্লী। কলঙ্ক। ত্রি। ধনবান। রামচন্দ্র ভ্রাতা।

লক্ষ্মণা। আ। স্ত্রী। সারসী পক্ষী। জনকের কন্যা।

লক্ষ্মঃ। অ। পুং। বৃদ্ধ নাম ঔষধ।

লক্ষ্মী । ঈ । স্ত্রী । হরিপ্রিয়া । ধনাদির বৃদ্ধি ।

লক্ষ্মীবান্ । ৎ । ত্রি । লক্ষ্মী বিশিষ্ট অর্থাৎ ধনবান্ ।

লক্ষ্যং । অ । ক্লী । যাহা দৃষ্টি করিয়া বাণাদি ত্যাগ করে ।

লাঙ্গলং । অ । ক্লী । হাল অর্থাৎ যাহাদ্বারা চাস দেয় ।

লাঙ্গলদণ্ডঃ । অ । পুং । লাঙ্গলের ঈশ ।

লাঙ্গলিকী । ঈ । স্ত্রী । লাঙ্গলিয়া বৃক্ষ ।

লাঙ্গলী । ঈ । স্ত্রী । কাঁচড়াদাম । নারিকেলবৃক্ষ ।

লাঙ্গূলং । অ । ক্লী । পুচ্ছ অর্থাৎ লেজ ।

লাজা । আ । পুং । খৈ । এশব্দ নিত্য বহুবচন ।

লাঞ্ছনং । অ । ক্লী । কলঙ্ক ।

লাভঃ । অ পুং । মূলধন দ্বারা অধিক প্রাপ্তি ।

লামজ্জকং । অ । ক্লী । বেণা ঘাসের মূল ।

লালসং । অ । ক্লী । মহতীইচ্ছা । যাচঞা ।

লালা । আ । স্ত্রী । লাল মুখ হইতে যাহা নির্গতহয় ।

লালাটিকঃ । অ । ত্রি । স্বামির কার্য্য করণে অশক্ত এবং ক্রোধাদি দর্শনার্থ ললাট দর্শন করে যে ব্যক্তি ।

লাবঃ । অ । পুং । বাঁটুলিয়া পক্ষী ।

লাস্যং । অ । ক্লী । নৃত্য নাচ ইতি ভাষান্তরে ।

লাক্ষা । আ । স্ত্রী । লা অর্থাৎ যাহাতে পত্রাদি মোড়ে ।

লাক্ষাপ্রসাদনঃ। অ। পুং। লোধ নাম বৃক্ষ।
লিঙ্গং। অ। ক্লী। চিহ্ন। পুরুষাঙ্গ।
লিঙ্গবৃত্তিঃ। ই। পুং। জীবিকার্থ জটাদি ধারণকর্ত্তা।
লিপ্তঃ। অ। ত্রি। চন্দনাদি লেপিত। ভক্ষণ।
লিপ্তকঃ। অ। ত্রি। বিষযুক্তবাণ।
লিপ্সা। আ। স্ত্রী। ইচ্ছা।
লিপিঃ। ই। স্ত্রী। লেখা। পত্র।
লিপিকরঃ। অ। পুং। লেখক অর্থাৎ লিপিকর্ত্তা।
লিবিঃ। ই। স্ত্রী। লেখা।
লীলা। আ। স্ত্রী। শৃঙ্গার। ক্রিয়া। ক্রীড়া। পরীহাস।
লুঠিতঃ। অ। পুং। পুনঃ২ ভূমিতে লোটে যে ঘোড়া।
লুদঃ। অ। পুং। বাসনহাটী বৃক্ষ।
লুলাপঃ। অ। পুং। মহিষ।
লুব্ধঃ। অ। পুং। লোভী।
লুব্ধকঃ। অ। পুং। ব্যাধ।
লূতা। আ। স্ত্রী। মাকড়সা কীট বিশেষ।
লুমং। অ। ক্লী। লাঙ্গুল অর্থাৎ লেজ।
লেখঃ। অ। পুং। কলম। অতিশয় শ্রেণি।
লেখকঃ। অ। পুং। লিপিকর।

লেখনী । ঈ । স্ত্রী । কলম ।

লেখর্ষভঃ । অ । পুং । লেখনী অর্থাৎ কলম ।

লেপঃ । অ । পুং । ভোজন ।

লেপকঃ । অ । পুং । লেপনকার জাতি বিশেষ ।

লেশঃ । অ । পুং । সূক্ষ্ম অর্থাৎ অল্প ।

লেষ্টুঃ । উ । পুং । মৃত্তিকাখণ্ড অর্থাৎ ডেলা ইতি খ্যাত

লেষ্টুভেদনঃ । অ । পুং । ডেলা ভাঙ্গা মুগুর ।

লোকঃ । অ । পুং । জগৎ । ব্যক্তি ।

লোকজিৎ । ৎ । পুং । বৌদ্ধ ।

লোকালোকঃ । অ । পুং । পৃথিবী বেষ্টিত পর্ব্বত ।

লোকেশঃ । অ । পুং । ব্রহ্মা ।

লোচনং । অ । ক্লী । চক্ষু ।

লোচমস্তকঃ । অ । পুং । ময়ূর শিখা বৃক্ষ ।

লোধ্রঃ । অ । পুং । বৃক্ষবিশেষ লোধ ইতি খ্যাত ।

লোপ্ত্রং । অ । ক্লী । চৌর্য্যধন ।

লোপামুদ্রা । আ । স্ত্রী । অগস্ত্যের স্ত্রী ।

লোম । ন । ক্লী । শরীরের রোম রোঁ ইতি খ্যাত ।

লোমগুৎসকঃ । অ । পুং । চামর ।

লোমশা । আ । স্ত্রী । জটামাংসী বণিকদ্রব্য ।

লৌহপ্র

লোলঃ। অ। ত্রি। গমন কর্ত্তা। আকাঙ্খা। চঞ্চল।

লোলপঃ ও লোলুভঃ। অ। ত্রি। অতিশয় লোভী।

লাবিত্রং। অ। ক্লী। অস্ত্রবিশেষ দা ইতি খ্যাত।

লোষ্টং। অ। ক্লী। মৃত্তিকাখণ্ড অর্থাৎ ডেলা।

লোহঃ। অ। পুং ক্লী। স্বর্ণাদি তৈজস। লোহা।

অগুরু কাষ্ঠ।

লোহকারকঃ। অ। পুং। কর্ম্মকার কামার ইতিখ্যাত

লোহনঃ। অ। ত্রি। অস্পষ্ট ভাষী।

লোহপৃষ্ঠঃ। অ পুং। কাঁক নাম পক্ষী বিশেষ।

লোহাভিহারঃ। অ। পুং। অস্ত্রধারী রাজার বিসর্জ্জনানন্তর শাস্ত্র বিহিত বিধি।

লোহিতং। অ। ত্রি। রক্তবর্ণ।

লোহিতকং। অ। ক্লী। পদ্মরাগ মণি।

লোহিতচন্দনং। অ। ক্লী। কুঙ্কুম। রক্তচন্দন।

লোহিতাঙ্গঃ। অ। পুং। মঙ্গলগ্রহ। রক্তবর্ণ যাহার।

লৌহঃ। অ। পুং। ধাতুবিশেষ লোহা ইতি খ্যাত।

লৌহপ্রতিমা। আ। স্ত্রী। লোহার প্রতিমা।

ব

বঃ । অ । পুং । বরুণ । জল । বায়ু । অক্ষর বিশেষ ।

বক্তুং । অ । ক্লী । বস্ত্র বিশেষ । মুখ ।

বক্তব্যঃ । অ । পুং । নিন্দিত । আয়ত্ত্য । বচনার্হ ।

বক্তা । ঋ । ত্রি । সুকথক । পুনঃ পুনঃ কথনশীল ।

বচঃ । স । ক্লী । বাক্য কথা ইতি খ্যাত ।

বচনং । অ । ক্লী । বাক্য কথা ইতি খ্যাত ।

বচনেস্থিতঃ । অ । ত্রি । বাক্য গ্রহণ কর্ত্তা ।

বচা । আ । স্ত্রী । বচ বৃক্ষ ।

বজ্রং । অ । ক্লী । ইন্দ্রের স্বনাম খ্যাত অস্ত্র । মণি ।

বজদ্রুঃ । উ । পুং । মনসাসিজ বৃক্ষ ।

বজ্র নির্ঘোষঃ । অ । পুং । মেঘের শব্দ ।

বজ্রপুষ্পং । অ । ক্লী । তিলফুল ।

বজ্রী । ন । পুং । বজ্র বিশিষ্ট অর্থাৎ ইন্দ্র ।

বঞ্চকঃ । অ । ত্রি । প্রতারক । ধূর্ত্ত । শৃগাল ।

বঞ্চুকঃ । অ পুং । শৃগাল ।

বঞ্জুলঃ । অ । ত্রি । মনোজ্ঞ । পুং । তিনাশ বৃক্ষ ।
বেত বৃক্ষ । অশোক বৃক্ষ ।

বডভী । ঈ । স্ত্রী । ঘরের পোতা ।

বড়ুং । অ । ত্রি । বৃহৎ অর্থাৎ বড় ।

বডবা । আ । স্ত্রী । স্ত্রী ঘোটক অর্থাৎ ঘুড়ী ।

বডবানলঃ । অ । পুং । বাড়বাগ্নি ।

বডিশং । অ । ক্লী । বড়শী ।

বণ্টকঃ । অ । পুং । বিভাগ ।

বণিক্ । জ । পুং । বাণিজ্য কর্ত্তা ।

বণিকভাবঃ । অ । পুং । জীবিকা অর্থাৎ ব্যাপার ।

বণিজ্যা । আ । স্ত্রী । বণিকভাব অর্থাৎ ব্যাপার ।

বতঃ । অ । অ । খেদ । দয়া । সন্তোষ । বিস্ময় ।
সম্বোধন । অদ্ভূত ।

বত্সং । অ । ক্লী । বক্ষস্থল । পুং বাছুর । শিশু বৎসর ।

বৎসকঃ । অ । পুং । বালক । কূর্চ্চি বৃক্ষ ।

বৎসতরঃ । অ । পুং । দামডাগরু ।

বৎসনাভঃ । অ । পুং । বিষবিশেষ ।

বৎসরঃ । অ । পুং । দুই অয়ন অর্থাৎ দ্বাদশমাস ।

বৎসলঃ । অ । ত্রি । স্নিগ্ধ অর্থাত্ শীতল ।

বত্সাদনী । ঈ । স্ত্রী । গুডচী বৃক্ষ ।

বদঃ । অ । ত্রি । বক্তা ।

বদনং । অ । ক্লী । মুখ ।

বদান্যঃ । অ । ত্রি । অতিশয় দাতা । মনোজ্ঞ ।

বদাবদঃ । অ। ত্রি। বক্তা।

বধ্রং। অ। ক্লী। ধাতু বিশেষ অর্থাৎ সীসা।

বধ্রী। ঈ। স্ত্রী। চর্ম্ম রজ্জু।

বধিরঃ। অ। ত্রি। শ্রবন শক্তি রহিত অর্থাৎ কালা।

বধূঃ। ঊ। স্ত্রী। পুত্রাদির স্ত্রী। ভার্য্যা। পিবিক বৃক্ষ।

বধূটী। ঈ। স্ত্রী। পুত্রাদির ক্ষুদ্র বধূ।

বনং। অ। ক্লী। জল। কানন।

বনতিক্তিকা। আ। স্ত্রী। বৃক্ষ বিশেষ।

বন্দা। আ। স্ত্রী। পরসাড়া বাঁদুরিয়া ইতি কেচিৎ।

বন্ধুকপুরঃ। অ। পুং। সাল সদৃশাকার বৃক্ষ বিশেষ ইহার ছালে মদ্যহয়।

বনপ্রিয়ঃ। অ। পুং। কোকিল।

বনমক্ষিকা। আ। স্ত্রী। ডাঁশমাছি।

বনমালী। ন। পুং। নারায়ণ।

বনমুদ্গঃ। অ। পুং। শস্য বিশেষ বনমুগ ইতিখ্যাত।

বন্যা। আ। স্ত্রী। বন সমূহ। জল সমূহ।

বনশৃঙ্গাটঃ। অ। পুং। গোক্ষুরী বৃক্ষ।

বনস্পতিঃ। ই। পুং। পুষ্পব্যতিরেকে ফলহয় যে বৃক্ষ অর্থাৎ পনস ডুম্বুরাদি।

বনিতা । আ । স্ত্রী । স্ত্রী । গুণবতী স্ত্রী ।

বনীযকঃ । অ । ত্রি । যাচক অর্থাৎ ভিক্ষা কর্ত্তা ।

বনৌকঃ । স । পুং । বানর ।

বপ্রঃ । অ । পুং । পিতা । ক্ষেত । মৃত্তিকারাশি ।

বপা । আ । স্ত্রী । মাংস দ্বারা জন্মে ধাতু বিশেষ । ছিদ্র ।

বপুঃ । স । ক্লী । শরীর ।

বমথুঃ । উ । পুং । বমি রোগ । হস্তীশুণ্ডের জলকণা ।

বমিঃ । ই । স্ত্রী । ছর্দ্দি রোগ ।

বয়ঃ । স । ক্লী । পক্ষী । বাল্যাদি বয়েস ।

ব্যক্তঃ । অ । পুং । প্রকাশ । পণ্ডিত ।

ব্যগ্রঃ । অ । পুং । ব্যাকুল ।

ব্যজনং । অ । ক্লী । পাখা অর্থাৎ যাহাতে বাতাস করে ।

ব্যঞ্জনং । অ । ক্লী । চিহ্ন । দাড়ি । নিষ্ঠা । অবয়ব ।

ব্যত্যয়ঃ । অ । পুং । বিপর্য্যয় ।

ব্যথা । আ । স্ত্রী । ব্যামোহ ।

ব্যধঃ । অ পুং । অস্ত্রাদি ছিদ্র করা ।

ব্যলীকং । অ । ক্লী । পীড়া । অপ্রিয় । নাগর ।

ব্যবধা । অ । স্ত্রী । আচ্ছাদন অর্থাৎ ঢাকা ।

ব্যয়ঃ । অ । পুং । ধনাদিত্যাগ করা ।

ব্যবহারঃ । অ । পু । ধনাদিত্যাগ করা ।
ব্যবায়ঃ । অ । পুং । স্ত্রীসংসর্গ ।
ব্যস্তঃ । অ । ত্রি । উৎকণ্ঠা ।
বয়স্থঃ । অ । পুং । যুবা ।
বয়স্থা । আ । স্ত্রী । ব্রহ্মীশাক । কাকলী বৃক্ষ । আমলকী । হরিতকী । যুবতী ।
ব্যসনং । অ । ক্লী । বিপৎ । নষ্ট । কামজন্য দোষ । কোপ জন্য দোষ ।
ব্যসনার্ত্তঃ । অ । ত্রি । দৈবী ও মানসী পীড়াতেপীড়িত
বয়স্য । অ । পুং । সমবয়স্ক ।
বয়স্যা । আ । স্ত্রী । সখী ।
ব্যাকুলঃ । অ । ত্রি । শোকাদি দ্বারা আচ্ছন্ন ।
ব্যাকোষঃ । অ । ত্রি । বিকসিত ।
ব্যাঘ্রঃ । অ । পুং । জন্তুবিশেষ বাঘ ইতি খ্যাত ।
ব্যাঘ্রনখং । অ । ক্লী । গন্ধদ্রব্য বিশেষ ।
ব্যাঘ্রপাদ । দ । পুং । বঁইচ বৃক্ষ ।
ব্যাঘ্রপুচ্ছঃ । অ । পুং । ভেরাণ্ডা বৃক্ষ ।
ব্যাঘ্রাটঃ । অ । পু । চাক ভারুইপক্ষী ।
ব্যাঘ্রী । ঈ । স্ত্রী । কণ্টকারী বৃক্ষ । ব্যাঘ্রস্ত্রী ।

ব্যাজঃ । অ । পুং । কপট । একজনকে উদ্দেশ করিয়া অন্যেতে রত ।

ব্যাডঃ । অ । পুং । সর্প । ব্যাঘ্রাদি । খল । ভেরাণ্ডাবৃক্ষ

ব্যাডায়ুধং । অ । ক্লী । ব্যাঘ্রনখী গন্ধদ্রব্য ।

ব্যাত্যাসঃ । অ । পুং বিপর্য্যয় ।

ব্যাধঃ । অ । পুং । জীবহিংসক ।

ব্যাধ্বঃ । অ । পুং । কুপথ ।

ব্যাধিঃ । ই । পুং । রোগ । কুড়বৃক্ষ ।

ব্যাধিঘাতঃ । অ । পুং । সোঁদালি বৃক্ষ ।

ব্যাধিতঃ । অ । ত্রি । রোগী ।

ব্যানঃ । অ । পুং । শরীরস্থবায়ু বিশেষ ।

ব্যাপাদঃ । অ । পুং । অন্যের চেষ্টা ।

ব্যামোহঃ । অ । পুং । বাহু পরিমাণ । পীড়া ।

ব্যালঃ । অ । পুং । সর্প । ব্যাঘ্র । ত্রি । ক্রুর ।

ব্যাসঃ । অ । পুং । বিস্তার । বেদব্যাস ।

ব্যাহারঃ । অ । পুং । বাক্য ।

ব্যূঢঃ । অ । পুং । রচিত । নিহিত । দৃঢ়সন্ধি ।

ব্যূতিঃ । ই । স্ত্রী । বস্ত্রাদি বোনা ।

ব্যূহঃ । অ । পুং । সমূহ । সৈন্য বিন্যাস । নির্ম্মাণ ।

ব্যূহপার্ষ্ণিঃ । ই । পুং । ব্যূহেরপশ্চাৎ ভাগ ।
বর্করঃ । অ । পুং । যুবা পশুমাত্র । পরিহাস ।
বর্চ্চঃ । স । ক্লী । তেজ । রূপ । বিষ্ঠা । পুং । বুধগ্রহ ।
বর্চ্চস্কং । অ । ক্লী পুং । বিষ্ঠা ।
ব্রজঃ । অ । পুং । গোষ্ঠ । পথ । সমূহ । বৃন্দাবন ।
ব্রজ্যা । আ । স্ত্রী । যাত্রা । ভিক্ষার্থ ভ্রমণ ।
ব্রণঃ । অ । পুং ক্লী । ক্ষুদ্র স্ফোটক বিশেষ ।
বর্ণঃ । অ । পুং । ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি । স্তুতি । শুক্ল কৃষ্ণাদি । অক্ষর । স্বজাতি সমূহ । ঘোটকাদি আস্তারণার্থ চিত্রকম্বল ।
বর্ণকং । অ । ক্লী । যথা চন্দন মার্জনকর্ম ।
বর্ণতূলঃ । অ । পুং । লেখনী অর্থাৎ কলম ।
বর্ণতূলী । ঈ । স্ত্রী । অক্ষরের তূলী অর্থাৎ কলম ।
বর্ণাঙ্কঃ । অ । পুং । বর্ণতূলী অর্থাত্ কলম ।
বর্ণিতং । অ । ত্রি । স্তব ।
বর্ণিনঃ । অ । পুং । ব্রহ্মচারী ।
বর্ত্তকঃ । অ । পুং । ঘোটকেরখুর । ভাটুইপক্ষী ।
বর্ত্তনঃ । অ । স্ত্রী । [illegible]বিকা । ত্রি । বর্ত্তমান শীল ।
বর্ত্তনী । ঈ । স্ত্রী । [illegible] ।

বর্ত্ম । ন । ক্লী । পথ । চক্ষুরপাতা ।

বর্ত্তিঃ । ই । স্ত্রী । লেপনার্থ চন্দনাদি । দীপেরসলিতা

বর্ত্তিকঃ । অ । পুং । পক্ষীবিশেষ ।

বর্ত্তিষ্ণুঃ । উ । ত্রি । বর্ত্তমানশীল ।

বর্ত্তুলঃ । অ । ত্রি । গোল ।

বর্দ্ধকঃ । অ । পুং । বামনহাটী বৃক্ষ ।

বর্দ্ধকিঃ । ই । পুং । সূত্রধর সুতার ইতি খ্যাত ।

বর্দ্ধনঃ । অ । ত্রি । বৃদ্ধিযুক্ত । ক্লী । ছেদন ।

বর্দ্ধমানঃ । অ । পুং । ভেরাণ্ডাবৃক্ষ । পশুবিশেষ ।

বর্দ্ধমানকঃ । অ । পুং । সরা অর্থাৎ ঢাকন ।

বার্দ্ধিষ্ণুঃ । উ । ত্রি । বৃদ্ধিযুক্ত ।

ব্রধ্নঃ । অ । পুং । সূর্য্য । মূল ।

বর্ম্ম । ন । ক্লী । গাত্রীয় কবচ অর্থাৎ সাঁজওয়া ।

বর্বনা । আ । স্ত্রী । মক্ষিকা অর্থাৎ মাচী ।

বর্বরঃ । অ । পুং । বামনহাটী বৃক্ষ । পামর ।

বর্বরা । আ । স্ত্রী । বৃক্ষবিশেষ ।

ব্রশ্চনং । অ । ক্লী । স্বর্ণাদি ছেদনাস্ত্র ছেনি ইতিখ্যাত ।

বর্ষং । অ । ক্লী পুং । বৃষ্টি । বৎসর । ভারৎ বর্ষ ।

বর্ষ্ম । ন । ক্লী । দেহ । প্রমাণ । সুন্দরাকৃতি ।

বর্ষবরঃ । অ। পুং। অন্তঃপুরস্থ খোজা।

বর্ষা । আ। স্ত্রী। পিবিক বৃক্ষ। শ্রাবন ভাদ্র।

বর্ষাভী । ঈ। স্ত্রী। ভেকের স্ত্রী।

বর্ষাভূঃ । উ। পুং। ভেক অর্থাত্ ব্যাং।

বর্ষীয়ান্ । স। পুং। অতি বৃদ্ধি।

বর্ষোপলঃ । অ। পুং। শীল। বৃষ্টি।

বর্হিঃ । স। পুং। অগ্নি।

বর্হিপুষ্প । অ। ক্লী। গাঁঠীয়ালা গন্ধদ্রব্য।

বর্হির্মুখঃ । অ। পুং। দেবতা।

বরাঙ্গং । অ। ক্লী। যোনি। মস্তক। হস্তী।

বরাঙ্গকং । অ। ক্লী। তেজপত্র। গুডত্বক কলাই।

বরাহং । অ। পুং। শূকর।

বরাশিঃ } ই। পুং। মোটারস্ত্র।
বরাসিঃ }

বীহিঃ । ই। পুং। ধান্য বিশেষ।

বল্গুঃ । উ। ত্রি। মনোহর।

বল্মীকং । অ। ক্লী। উইপোতা। রোগবিশেষ।

বল্লঃ । অ। পুং। ছল্লা।

বংশঃ । অ। পুং। বাঁশ। বেণু। পত্রাদি পরম্পরা।

বশক্রিয়া । আ । স্ত্রী । মন্ত্রাদি দ্বারা বশীকরণ ।
বশ্যঃ । অ । ত্রি । বশতাপন্ন ।
বশা । আ । স্ত্রী হস্তিনী । অধীনা । বন্ধ্যাগরু ।
বশিকং । অ ক্লী । অগুরু কাষ্ঠ ।
বশিত্বং । অ । ক্লী । মহাদেবের ঐশ্বর্য্য ।
বশিরং । অ । ক্লী । করকচ । পুং । গজপিপুল বৃক্ষ ।
বষট্কৃতং । অ । ত্রি । হোমকরা ঘৃত ।
বস্তঃ । অ । পুং । ছাগল ।
বস্ত্যং । অ । ক্লী । গৃহ ঘর ইতি খ্যাত ।
বস্কয়নী । ঈ । স্ত্রী । কেল্যানগরু ।
বস্ত্রং । অ । ক্লী । কাপড ।
বসনং । অ । ক্লী । বস্ত্র । আচ্ছাদন ।
বসতিঃ । ই । স্ত্রী । গৃহ । রাত্রি । বাস ।
বস্নঃ । অ । পুং । মূল্য দর ইতি ভাষান্তরে ।
বসন্তঃ । অ । পুং । চৈত্র বৈশাখ ।
বস্তিঃ । ই । পুং স্ত্রী । দশী । তলপেট অর্থাত্ মূত্রনাড়ী ।
বস্নসা । আ । স্ত্রী । নখর নাড়ী ।
বসা । আ । স্ত্রী । মাংস দ্বারা জন্মে যে ধাতু ।
বস্লিরঃ । অ । পুং । গজ পিপু । বৃক্ষ ।

বাগুরিকঃ । অ । পুং । জালদ্বারা মৃগনষ্টকর্ত্তা ।

বাঙ্মুখং । অ । ক্লী । উপন্যাস ।

বাচংযমঃ । অ । পুং । মৌনব্রত ।

বাচস্পতিঃ । ই । পুং । দেবগুরু অর্থাৎ বৃহস্পতি ।

বাচাটঃ । অ । ত্রি । শব্দকারী ।

বাচালঃ । অ । ত্রি । নিন্দনীয় ভাষী ।

বাচিকং । অ । ক্লী । সমাচার বাক্য ।

বাচিকহারকঃ । অ । পুং । লেখনী অর্থাৎ কলম ।

বাচোযুক্তপটুঃ । উ । ত্রি । স্বার্থবাক্য কথক ।

বাজঃ । অ । পুং । বাণবিশেষ ।

বাজিদন্তকঃ । অ । পুং । বাসক বৃক্ষ ।

বাজিশালা । আ । স্ত্রী । ঘোটকের গৃহ ।

বাজী । ন । পুং । ঘোটক । পক্ষী ।

বাঞ্ছা । আ । স্ত্রী । ইচ্ছা ।

বাট্যালকঃ । অ । পুং । বালাবৃক্ষ ।

বাড়বঃ । অ । পুং । বাড়বাগ্নি । ব্রাহ্মণ । ক্লী । ঘুড়ী

বাড়ব্যং । অ । ক্লী । ব্রাহ্মণসমূহ ।

বাঢ়ং । অ । ক্লী । অতিশয় । অঙ্গীকার ।